



স্মারক নং-৪৫.১৪০.০০৬.০১.০০.০০১.২০১৬-২৭৪৩


তারিখ: ৩১ অক্টোবর ২০২৩
১৫ কার্তিক ১৪৩০

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তর/হাসপাতালের ১১-২০ গ্রেডের শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ০৩.১০.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ স্বাস্থ্য অধিদপ্তর/হাসপাতালের ১১-২০ গ্রেডের (পূর্বতন ৩য়/৪র্থ গ্রেডিং) শূন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত বিষয়ে সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এর সভাপতিত্বে গত ০৩.১০.২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- (ক) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের ২২.০৮.২০১৬ তারিখের ৫৯৪ সংখ্যক স্মারকের মতামতের আলোকে “The Bangladesh Health Services (Non-Medical Officers and Employeers Recruitment) Rules, 1985” নিয়োগবিধি অনুযায়ী ২০১৫ সালে গৃহীত সকল নিয়োগ কার্যক্রম বাতিল হিসেবে গণ্য হবে।
- (খ) “বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮” অনুযায়ী ২০১৮ সাল বা তার পরবর্তী সময়ে যে সমস্ত প্রতিষ্ঠানে জনবল নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে, কিন্তু নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়নি সে সকল প্রতিষ্ঠানে জনবল নিয়োগের জন্য পুনরায় ছাড়পত্র প্রদান করতে হবে। ছাড়পত্র প্রাপ্তির পর পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে পূর্বে আবেদনকারীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন হবে না অর্থাৎ তাদের পূর্বের আবেদন বহাল থাকবে।
- (গ) স্বাস্থ্য অধিদপ্তর/হাসপাতাল সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের মেডিকেল টেকনোলজিস্ট (সকল ক্যাটাগরি), ফার্মাসিস্ট, সাব এ্যাসিস্টেন্ট কমিউনিটি মেডিকেল অফিসার ও মেডিকেল টেকনিশিয়ান (সকল ক্যাটাগরি)/কার্ডিওগ্রাফার এবং হেলথ এডুকেটর (১১ গ্রেড) পদে কেন্দ্রীয়ভাবে স্বাস্থ্য অধিদপ্তর হতে জনবল নিয়োগ করতে হবে। ইতিপূর্বে যেসকল প্রতিষ্ঠানে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে, সেসব প্রতিষ্ঠানের বর্ণিত টেকনিক্যাল পদসমূহসহ হেলথ এডুকেটর (১১ গ্রেড) কোনো আবেদন পাওয়া গেলে তা স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর উল্লিখিত পদে জনবল নিয়োগের সময় বিভিন্ন প্রতিষ্ঠান থেকে মেডিকেল টেকনোলজিস্ট (সকল ক্যাটাগরি), ফার্মাসিস্ট, সাব এ্যাসিস্টেন্ট কমিউনিটি মেডিকেল অফিসার ও মেডিকেল টেকনিশিয়ান (সকল ক্যাটাগরি)/কার্ডিওগ্রাফার এবং হেলথ এডুকেটর (১১ গ্রেড) পদে প্রাপ্ত আবেদনসমূহ সমন্বয় করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করবে অর্থাৎ বিভিন্ন প্রতিষ্ঠানের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে এসব পদে কোনো প্রার্থী আবেদন করে থাকলে তার নতুন করে আবেদন করার প্রয়োজন হবে না।
- (ঘ) সারাদেশে যে সকল প্রতিষ্ঠান ইতোমধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে, তারা টেকনিক্যাল পদসমূহ (মেডিকেল টেকনোলজি (সকল ক্যাটাগরি), ফার্মাসিস্ট, সাব এ্যাসিস্টেন্ট কমিউনিটি মেডিকেল অফিসার ও মেডিকেল টেকনিশিয়ান (সকল ক্যাটাগরি)/কার্ডিওগ্রাফার এবং হেলথ এডুকেটর পদ ব্যতীত অন্যান্য সকল শূন্য পদে (পূর্বতন ৩য় ও ৪র্থ গ্রেডিং) দ্রুততম সময়ের মধ্যে নিয়োগ সম্পন্ন করার জন্য কার্যক্রম গ্রহণ করবে।
- (ঙ) মানসম্পন্ন স্বাস্থ্য সেবা অব্যাহত রাখার লক্ষ্যে সারাদেশের হেলথ এডুকেটর (১১ গ্রেড)সহ উপরোক্ত টেকনিক্যাল পদসমূহের শূন্য পদ পূরণের লক্ষ্যে দ্রুততম সময়ে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্যোগ গ্রহণ করতে হবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
ফোন: ২২৩৩৫৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখানী, ঢাকা

অনুলিপি (ছ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পরিচালক,মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/প্রতিষ্ঠান
- ২। পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ,
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সিভিল সার্জন (সকল)
- ৫। তত্ত্বাবধায়ক,
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ (স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। মুখ্যসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর দপ্তর
চট্টগ্রাম বিভাগ
৫ নং লয়েল রোড, চট্টগ্রাম।
E-mail: cdho@ld.dghs.gov.bd
www.dghs.chittagongdiv.gov.bd

স্মারক নং-বি:প:স্ব:চ:/ জনবল নিয়োগ সংক্রান্ত/২০২৩/১৫০২২/১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

১. তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল/জেলা সদর হাসপাতাল, চট্টগ্রাম /কক্সবাজার/
ফেনী/নোয়াখালী/চাঁদপুর/ব্রাহ্মণবাড়ীয়া,
২. সিভিল সার্জন(সকল), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

তারিখঃ-০১/১১/২০২৩খ্রিঃ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-
১ শাখার উপরোক্ত স্মারকের আলোকে স্বাস্থ্য অধিদরাধীন
বিভিন্ন প্রতিষ্ঠান/হাসপাতালের ১১-২০ খেডের শূন্য পদে
জনবল নিয়োগের লক্ষ্যে ০৩/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত
সভার সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট
সকলকে অনুরোধ করা হলো।

(ডাঃ মোঃ মহিউদ্দিন)

বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)

চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩/১১/২৩